ঙ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের সন্দীপ চরিত্রের উদ্দেশ্যমুখীনতা প্রসঙ্গে সংক্ষেপে আলোচনা করো।

চ) শ্রীকান্ত (১ম পর্ব) উপন্যাসের যে সমস্ত অংশে অন্ধকারের বিশিষ্ট রূপ বর্ণিত হয়েছে, তার পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘রাজসিংহ’ উপন্যাসে ঔরঙ্গজেব চরিত্রটি ইতিহাসের ক্ষেত্র থেকে উত্তীর্ণ হয়ে কতটা মানবিক চেতনায় উদ্ভাসিত হয়েছে তা আলোচনা করো।

খ) ‘ঘরে বাইরে’ উপন্যাসের বিমলা চরিত্রই একমাত্র জীবন্ত সৃষ্টি, কোনো মতবাদের প্রতীক নয় — আলোচনা করো।

গ) কোনো কোনো সমালোচক মনে করেন ইন্দ্রনাথ ‘শ্রীকান্ত’ উপন্যাসের প্রথম পর্বের নায়ক। এই উক্তিটির যৌক্তিকতা বিচার করো।

ঘ) ডায়েরীধর্মী গঠনরীতি ‘ঘরে বাইরে’ উপন্যাসটিকে শিল্পসার্থক করে তুলেছে কিনা বিচার করো।

---





# ২০১৯
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### তৃতীয় সেমেস্টার
### ষষ্ঠ পত্র (BNGH-CC-T-VI)
### (বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) “তুই মরিতে এত ভীত কেন?”

— কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন? শ্রোতার মৃত্যুভয়ের কারণ কী?

খ) “তিনি মহামহোপাধ্যায় পণ্ডিত। সকলে তাহাকে ভক্তি করিত।”

উদ্দিষ্ট ব্যক্তিটি কে? তাঁর পরিচয় প্রকাশ করো।

গ) “যুদ্ধ কালে সকলেই চোর সকলেই বঞ্চক” — বক্তা কে? তিনি কী চুরি করেছিলেন?

(পরের পাতায়)

ঘ) ''কিন্তু সে যাই হোক, ওই লোকটি কি। মানুষ? দেবতা? পিশাচ কে ও?'' — কে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছেন? এই উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে?

ঙ) ''আজ দাও না দিদি আমাকে একটি। তোমাদের তো দুটো তিনটি রয়েচে''।

— কে, কাকে এই কথা বলেছে? সে কী চাইছে, কেন?

চ) ''কিন্তু কেমন করিয়া ভাব করি। সে যে আমার অনেক উচ্চে''। — কে, কার সম্পর্কে এই মনোভাব প্রকাশ করেছে? উদ্দিষ্ট মানুষটির সঙ্গে ভাব করার কারণ কী?

ছ) ''তাতে দোষ হয় কী? কত খুশী হয় বল দেখি'' — কে, কাকে এই কথা বলেছেন? কোন্ প্রসঙ্গে কার খুশী হওয়ার কথা এখানে বলা হয়েছে?

জ) ''স্বভাবের চেয়ে বড় হতে চাওয়াটাই কি আমাদের স্বভাব নয়?' — কে, কাকে এই কথা বলেছেন? উক্তিটির অর্থ অল্প কথায় লেখো।

ঝ) 'রাজসিংহ' উপন্যাস মোট কয়টি পরিচ্ছেদে বিন্যস্ত? প্রথম পরিচ্ছেদটির শীর্ষনাম কী?

ঞ) 'ঘরে বাইরে' উপন্যাস কোন্ সাময়িক পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? কত খ্রিস্টাব্দে?

ট) 'শ্রীকান্ত' (১ম পর্ব) কে কোন্ শ্রেণীর উপন্যাস হিসাবে চিহ্নিত করা যায়?

ঠ) 'শ্রীকান্ত' উপন্যাসে বহুরূপীর নাম কী? তার বাড়ি কোথায় ছিল?



ড) নতুনদা থিয়েটারে কী বাজাত? তার বাড়ি কলকাতার কোন্ পাড়ায়?

ঢ) 'ঘরে বাইরে' উপন্যাসে অমূল্যের শেষ পরিণতি কী হয়েছিল?

ণ) চঞ্চলকুমারী অনন্ত মিশ্রের হাতে কোন্ কোন্ দ্রব্য পাঠাতে চেয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ''আমায় দয়া কর। আমায় ক্ষমা কর'' — কে, কাকে দয়া ও ক্ষমা করার কথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে লেখো সত্যিই কী সে দয়া ও ক্ষমা করেছে?

খ) ''কি কার্য্য তাহা না জানিলে আমি বলিতে পারি না। আমি কোন দেবতা ব্রাহ্মণের অনিষ্ট করিতে পারিব না।''
— বক্তা কে? কাকে উদ্দেশ্য করে আলোচ্য উক্তিটি করা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে এখানে কোন্ কার্য্যের বিষয়ে বলা হয়েছে তা বিবৃত করো।

গ) ''ওরে পাগলা, অত পুণ্যি তোর এই দিদির নেই। আমাকে খাবে না রে'' — এই উক্তিটি কার? বক্তা কাকে কোন্ প্রসঙ্গে এই উক্তিটি করেছেন? এই উক্তির মাধ্যমে বক্তার চরিত্রের কোন্ পরিচয় প্রকাশিত হয়েছে?

ঘ) ''দেশের জন্যে অত্যাচার করা দেশের উপরেই অত্যাচার করা, সে কথা তুমি বুঝতে পারবে না'' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে কার উদ্দেশ্যে এই উক্তি করা হয়েছে? এই উক্তির মধ্যে দিয়ে বক্তার স্বরূ[illegible] বিচার করো।



(পরের পাতায়)